

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩১১

১২. তালাক অধ্যায় (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ৮. বায়িন (চুড়াস্ত) তালাক প্রসঙ্গে

### بَاب فِي طَلَاقِ الْبَيْتَةِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ عَنِ الزُّبَيْرِ بْنِ سَعِيدٍ رَجُلٍ مِنْ بَنِي عَبْدِ الْمُطَّلِبِ قَالَ بَلَغَنِي حَدِيثٌ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَلِيٍّ بْنِ يَزِيدَ بْنِ رُكَانَةَ وَهُوَ فِي قَرِيَةِ لَهُ فَأَتَيْتُهُ فَسَأَلْتُهُ فَقَالَ حَدَّثَنِي أَبِي عَنْ جَدِّي أَنَّهُ طَلَّقَ امْرَأَتَهُ الْبَيْتَةَ فَأَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ ذَلِكَ لَهُ فَقَالَ مَا أَرَدْتَ فَقَالَ وَاحِدَةً قَالَ اللَّهُ قَالَ اللَّهُ قَالَ هُوَ مَا نَوَيْتَ

বাংলা

২৩১১. আব্দুল্লাহ ইবনু আলী ইবনু ইয়াযীদ ইবনু রুকানা তার পিতার সূত্রে তার দাদা হতে বর্ণনা করেন, সে (তার দাদা) তার এক স্ত্রীকে (একবারেই) 'আল বাত্তা' বা বায়িন তালাক দিলো। এরপর সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে তাঁকে বিষয়টি অবহিত করলো। তখন তিনি বললেন: “এতে তুমি (কত তালাকের) ইচ্ছা করেছ?”

তখন সে বললো: এক (তালাকের)।

তিনি বললেন: “আল্লাহর কসম?”

সে বললো: আল্লাহর কসম। তিনি বললেন: “তবে তুমি যা নিয়্যাত করেছ, সেটি সেরূপই হবে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যযীফ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৫৩৭, ১৫৩৮ ও সহীহ ইবনু হিব্বান নং ৪২৭৪ ও মাওয়ারিদুয যামআন নং ১৩২১ তে। আরও দেখুন, নাইলুল আওতার ৭/১১-২০।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82594>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন